



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[Phone: 88-02-9511066, Fax: 88-02-9552323, www.most.gov.bd]

প্রেস বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প পরিদর্শন

পাবনা, রূপপুর (ঈশ্বরদী), ১৩ ফেব্রুয়ারি ২০২০;

আজ মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রকল্প এলাকা এবং প্রকল্পের বিভিন্ন স্থাপনা পরিদর্শন করেন। উক্ত প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্প পরিচালক এবং বিভিন্ন উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনকালে মন্ত্রী বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বপ্রথম রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেন। সেই ধারাবাহিকতায় জাতির জনক বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার প্রকল্পটি বাস্তবায়নরে জোরালো পদক্ষেপ গ্রহণ করেন। আর এটি সম্ভব হয়েছে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহ, উদ্যোগ, সাহস এবং দুরদর্শী সিদ্ধান্তের ফলে। যা আজ দৃশ্যমান।

মন্ত্রী আরো বলেন, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তার উপর সর্বোচ্চ জোর দেয়া হচ্ছে। আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থার (আইএইএ) এর সকল সেফটির মানদণ্ড ও গাইডলাইন এবং বাংলাদেশের বিদ্যমান আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। এছাড়াও রাশান ফেডারেশন, আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থাসহ আন্তর্জাতিক স্থানীয় ও নিজস্ব জনবলের মাধ্যমে সকল রেগুলেটরি ডকুমেন্টের কারিগরি মূল্যায়ন পর্যালোচনা করে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করা হয়েছে। এ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করা হচ্ছে। আন্তর্জাতিক রীতি-নীতি মেনে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। নির্ধারিত সময়ের মধ্যেই এই প্রকল্প হতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সঞ্চালন হবে বলে আশা করি। উল্লেখ্য, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ১ম ইউনিটের ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ ২০২৩ সালে এবং ২য় ইউনিটের ১২০০ মেগাওয়াট বিদ্যুৎ ২০২৪ সালে জাতীয় বিদ্যুৎ গ্রীডে সংযুক্ত হবে।

উক্ত অনুষ্ঠানে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রকল্প পরিচালক ড. শৌকত আকবর, রোসাটমের উর্ধ্বতন কর্মকর্তাসহ এবং মন্ত্রণালয়াদীন উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(বিবেকানন্দ রায়)

সিনিয়র তথ্য অফিসার

☎ ৯৫৪ ০৩৮৭ (অঃ)/ 📠 ০১৭১১-৮১৫৮৮১

E-mail: pro@most.gov.bd
royv047@gmail.com